

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৫৭

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ যেই কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেই সফরে সিয়াম ভঙ্গ করেছিলেন, তার বিবরণ

ذِكْرُ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا أَفْطَرَ صلى الله عليه وسلم فِي ذَلِكَ السَّفَرِ

## আরবী

3557 \_ أُخْبِرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْأَعْلَى بْنُ حَمَّادٍ ، قَالَ حَدَّثَنَا عَبْدُ الْأَعْلَى بْنُ حَمَّادٍ ، قَالَ حَدَّثَنَا حَمَّادِ بْنِ سَلَمَةَ عَنْ أَبِي الزُّبَيْرِ ، عَنْ جَابِرٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم سَافَرَ فِي رَمَضَانَ فَاشْتَدَّ الصَوْمُ عَلَى رَجُلٍ مِنْ أَصِحَابِهِ فَجَعَلَتْ نَاقَتُهُ تَهِيمُ بِهِ تَحْتَ ظِلَالِ فِي رَمَضَانَ فَاشْتَدَّ الصَوْمُ عَلَى رَجُلٍ مِنْ أَصِحَابِهِ فَجَعَلَتْ نَاقَتُهُ تَهِيمُ بِهِ تَحْتَ ظِلَالِ الشَّجَرِ فَأَخْبِرَ النَّبِيُّ صلى الله عليه وسلم فَأَمَرَهُ فَأَفْطَرَ ثُمَّ دَعَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَأَمْرَهُ فَأَفْطَرَ ثُمَّ دَعَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم بإناءٍ فِيهِ مَاءٌ فَوَضَعَعَهُ عَلَى يَدِهِ فَلَمَّا رَآهُ النَّاسُ شرب شربوا عليه وسلم بإناءٍ فيه مَاءٌ فَوَضَعَعَهُ عَلَى يَدِهِ فَلَمَّا رَآهُ النَّاسُ شرب شربوا الراوي : جَابِر بْن عَبْدِ اللَّهِ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 7555 ا خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

৩৫৫৭. জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার রমযান মাসে সফর করেন। অতঃপর এক সাহাবীর উপর সিয়াম খুব কষ্টকর হয়ে যায়। তার উদ্ধী তাকে ঘুরে ঘুরে গাছের ছায়ার নিচে নিয়ে যেতে থাকে। অতঃপর বিষয়টি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জানানো হলে তিনি তাকে সিয়াম ভঙ্গ করার নির্দেশ দেন। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একটি পানির পাত্র আনতে বলেন। অতঃপর তিনি সেটি তাঁর হাতে রাখেন। তারপর লোকজন যখন তাঁকে পানি পান করেত দেখেন, তখন তারাও পানি পান করেন।"[1]

## ফুটনোট

[1] মুসনাদ আবূ ইয়ালা: ১৭৮০; তাহাবী: ২/৬৫; হাকিম: ১/৪৩৩।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৫৫৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন